দৈনিক
ইত্তেফাক

তারিখ 23 JUN 2017
পৃষ্ঠা ১৪ কলাম ৩

# ঈদের ছুটিতেও খোলা থাকবে বিএসএমএমইউর বহির্বিভাগ

■ ইত্তেফাক রিপোর্ট

ঈদুল ফিতরের ছুটির সময় ও আগামী ২৮ জুন বিশেষ ব্যবস্থায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের বহির্বিভাগ খোলা রাখার সিদ্ধান্ত নিয়েছে কর্তৃপক্ষ। রোগীদের সুবিধার্থেই এমন সিদ্ধান্ত বলে জানিয়েছেন বিএসএমএমইউ উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। ঈদের ছুটিতে হাসপাতালের সেবা কার্যক্রম যেন ব্যাহত না হয় সেজন্য সংশ্লিষ্টদের ইতোমধ্যে নির্দেশ দেওয়া হয়েছে।

বিএসএমএমইউ উপাচার্য বলেন, 'ঈদের ছুটির সময় রোগীদের ভিড় কম থাকলেও রোগী থাকবে না তা আগেভাগে বলা যায় না। প্রচুরসংখ্যক রোগী এ সময় হাসপাতালটির বহির্বিভাগের সেবা নিয়ে থাকেন। তাই তাদের সুবিধার্থে আমরা বহির্বিভাগ খোলা রাখার সিদ্ধান্ত নিয়েছি।

**বিএসএমএমইউ-আইসিডিডিআরবি'র সমঝোতা**

গবেষণার মাধ্যমে শিশু মৃত্যুর কারণ উদঘাটন ও শিশু মৃত্যুহার কমানো নিয়ে কাজ করবে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ)। এ লক্ষ্যে বৃহস্পতিবার আইসিডিডিআরবির (ইন্টারন্যাশনাল সেন্টার ফর ডাইরিয়াল ডিজিজ রিসার্চ, বাংলাদেশ) সঙ্গে এক সমঝোতা স্মারক স্বাক্ষর হয়েছে।